## ♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০১৮ ( ২য় ধাপ )

**Total questions : 80 Total marks : 80**

---

1) Find out the correct synonym of ‘TENUOUS'-

1) Vital
✔ 2) Thin
3) Careful
4) Dangerous

**ব্যাখ্যা :** 👍 Tenuous- খুব পাতলা বা ভঙ্গুর
👍 Thin- পাতলা
👍 Vital- অত্যাবশ্যক
👍 Dangerous- বিপজ্জনক

2) একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

1) ১৬ বর্গমিটার
2) ৬৪ বর্গমিটার
3) ৩২ বর্গমিটার
✔ 4) কোনোটিই নয়

**ব্যাখ্যা :** আমরা জানি, সমবাহু ত্রিভুজের একবাহু a হলে তার ক্ষেত্রফল =√৩$a^2$ / ৪
. :. ক্ষেত্রফল =√৩ *(১৬)$^{২}$=√৩×১৬×১৬ / ৪=৬৪√৩ বর্গ মিটার

Hello BCS

3) বৃত্তের যে কোন দুটি বিন্দুর সংযোজক রেখাংশ বৃত্তের একটি--

✔ 1) জ্যা
2) ব্যাসার্ধ
3) চাপ
4) ব্যাস

**ব্যাখ্যা :** জ্যা : বৃত্তচাপের শেষ প্রান্তের দুটি বিন্দুর সংযোজক রেখাংশকে জ্যা বলে।
বৃত্তচাপ : জ্যা দ্বারা বিভক্ত বৃত্তের প্রত্যেক অংশকে বৃত্তচাপ বলে।
ব্যাসার্ধ : বৃত্তের ব্যাসের অর্ধাংশকে ব্যাসার্ধ বলে।
ব্যাস : বৃত্তের কেন্দ্রগামী জ্যা বৃত্তের ব্যাস।

4) The invigilator made us __ our admit card in the test centre.

1) showing
2) to show

3) showed
✔ 4) show

**ব্যাখ্যা :**

Make somebody + verb এর base form হলো সঠিক sequence, তাই বাক্যটিতে verb এর base form 'show' বসবে।
এ Structure দিয়ে অন্যকে দিয়ে করানো বোঝায়।
বাক্যের অর্থ- পরীক্ষা কেন্দ্রে ইনভিজিলেটর আমাদের দিয়ে এডমিট কার্ড দেখিয়ে নিলেন।

5) Identify the correct passive form of 'Kazi is going to open a new shop'.

1) A new shop is being gone opened by Kazi.
2) Kazi is being gone to open a new shop.
3) A new shop will be opened by Kazi.
✔ 4) A new shop is going to be opened by Kazi.

**ব্যাখ্যা :** Going to যুক্ত বাক্যের passive করার সময় Going to + be + verb এর past participle হয়।
যেমনঃ He is going to open a shop. এর passive হবে
- A shop is going to be opened by him.

সুতরাং, প্রদত্ত বাক্যের সঠিক passive form হবে - A new shop is going to be opened by Kazi.

6) Six soldiers were concerned ____ the plot.

1) for
2) with
✔ 3) in
4) at

**ব্যাখ্যা :** Concerned for/about - a worried or nervous feeling about something.
বাংলা অর্থ = কোন কিছু সম্পর্কে উদ্বিগ্ন হওয়া।
Example - I'm a bit concerned about/for your health.

Concerned in= involved n something.
বাংলা অর্থঃ কোন কিছুতে জড়িত থাকা।
Nine men were concerned in the plot.
অর্থাৎ, নয় জন লোক গোপন পরিকল্পনা বা ষড়যন্ত্রটিতে জড়িত ছিল।

Concerned with = interested in, in a context.

Hello BCS

বাংলা অর্থঃ আগ্রহী/কোন বিষয়ে

Example - She was more concerned with flirting than with getting the job done. Today's lesson is concerned with punctuation.

**Source**: Longman Dictionary of Contemporary English, Cambridge and Merriam-Webster Dictionary.

7) $x^{-3}$ - 0.001=0 হলে , $x^2$এর মান কত?

✔ 1) 100
2) 1/10
3) 1/100
4) 10

**ব্যাখ্যা :**

$x^{-3} - 0.001=0$
বা, $x^{-3} = 0.001$
বা, $1/x^3 = 1/1000$
বা, $(1/x)^3 = (1/10)^3$
বা, $1/x = 1/10$
বা, $x = 10$
সুতরাং $x^2 = 10^2 = 100$

8) চারটি বিরাম চিহ্নের মধ্যে পূর্ণচ্ছেদ কোনটি?

1) ড্যাস
2) হাইফেন
3) সেমিকোলন
✔ 4) দাড়ি

**ব্যাখ্যা :** পূর্ণচ্ছেদ চিহ্ন বাক্যের সমাপ্তি নির্দেশ করে। যেমন : দাঁড়ি, প্রশ্নচিহ্ন প্রভৃতি পূর্ণচ্ছেদ চিহ্ন।
দাড়ি ( কমনওয়েলথ ইংলিশ ), পিরিয়ড ( উত্তর আমেরিকান ইংরেজি ), বা ফুল পয়েন্ট , একটি বিরাম চিহ্ন। এটি বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহৃত হয়, প্রায়শই একটি ঘোষণামূলক বাক্যের সমাপ্তি চিহ্নিত করতে (যেমন একটি প্রশ্ন বা বিস্ময়বোধক থেকে আলাদা)। এই বাক্য-অন্তিম ব্যবহার, একা, সম্পূর্ণ স্টপের কঠোরতম অর্থকে সংজ্ঞায়িত করে। যদিও সম্পূর্ণ স্টপ প্রযুক্তিগতভাবে শুধুমাত্র তখনই প্রযোজ্য যখন একটি বাক্য শেষ করার জন্য চিহ্নটি ব্যবহার করা হয়, তবে পার্থক্য – অন্তত ১৮৯৭ সাল থেকে আঁকা – সমস্ত আধুনিক শৈলী গাইড এবং অভিধান দ্বারা রক্ষণাবেক্ষণ করা হয় না।
চিহ্নটি ব্যবহার করা হয়, এককভাবে, বাদ দেওয়া অক্ষরগুলি বোঝাতে বা, একটি সিরিজে, একটি উপবৃত্ত ( … ), বাদ দেওয়া শব্দগুলি নির্দেশ করতে। এটি একটি নামের জন্য ব্যবহৃত একটি প্রাথমিক অক্ষরের পরে বা একটি আদ্যক্ষর বা সংক্ষিপ্ত শব্দে প্রতিটি পৃথক অক্ষরের পরে (যেমন, "মার্কিন যুক্তরাষ্ট্র") স্থাপন করা যেতে

পারে। যাইহোক, একটি আদ্যক্ষর বা সংক্ষিপ্ত বর্ণের পরে পূর্ণস্টপের ব্যবহার হ্রাস পাচ্ছে, এবং এর মধ্যে অনেকগুলি বিরাম চিহ্ন ছাড়াই স্বীকৃত নিয়মে পরিণত হয়েছে (যেমন, "যুক্তরাজ্য" এবং "ন্যাটো")। অন্যান্য ইংরেজি ভাষার উপভাষার তুলনায় মার্কিন যুক্তরাষ্ট্রে এই প্রবণতা কিছুটা ধীরে ধীরে অগ্রসর হয়েছে।
একটি ফুল স্টপ প্রায়শই শব্দের সংক্ষিপ্তসারের শেষে ব্যবহৃত হয় - ব্রিটিশ ব্যবহারে, প্রাথমিকভাবে রেভ. এর মতো ছেদন, কিন্তু রেভডের মতো সংকোচনের পরে নয় ( আমেরিকান ইংরেজিতে এটি উভয় ক্ষেত্রেই ব্যবহৃত হয়)। ইংরেজি-ভাষী বিশ্বে, সম্পূর্ণ বিরামের অনুরূপ একটি বিরাম চিহ্ন দশমিক বিভাজক হিসাবে এবং অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়, এবং একটি বিন্দু বলা যেতে পারে। কম্পিউটিংয়ে একে ডট বলা হয়। [২] এটিকে মাঝে মাঝে ইন্টারপাংক্ট (বা মধ্যবিন্দু) থেকে আলাদা করার জন্য একটি বেসলাইন ডট বলা হয়।

9) এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি - বাক্যটি কোন কালের ?

1) সাধারণ অতীত
2) নিত্যবৃত্ত অতীত
3) ঘটমান বর্তমান
✔ 4) পুরোঘটিত বর্তমান

**ব্যাখ্যা :** ক্রিয়া পূর্বে শেষ হলে তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন - আমি এবার পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি ; এতক্ষণ আমি অঙ্ক করেছি।

10) বাংলার মুখ আমি দেখিয়াছি, পৃথিবীর মুখ দেখিতে চাই না আর - কার লেখা?

1) জসিমউদ্দিন
2) রবীন্দ্রনাথ ঠাকুর
✔ 3) জীবনানন্দ দাস
4) সত্যেন্দ্রনাথ দত্ত

**ব্যাখ্যা :** 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ/ খুঁজিতে যাই না আর'- বহুকাল আগেই লিখেছেন রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশ।
জীবনানন্দ দাশ (১৭ ফেব্রুয়ারি, ১৮৯৯ - ২২ অক্টোবর, ১৯৫৪)[২] ছিলেন বিংশ শতাব্দীর অন্যতম প্রধান আধুনিক বাঙালি কবি, লেখক ও প্রাবন্ধিক। তিনি বাংলা কাব্যে আধুনিকতার পথিকৃতদের মধ্যে অন্যতম।[১] তার কবিতায় পরাবাস্তবের দেখা মিলে। জীবনানন্দের প্রথম কাব্যে নজরুল ইসলামের প্রভাব থাকলেও দ্বিতীয় কাব্য থেকেই তিনি হয়ে ওঠেন মৌলিক ও ভিন্ন পথের অনুসন্ধানী।[১] মৃত্যুর পর থেকে শুরু করে বিংশ শতাব্দীর শেষ ভাগে তিনি জনপ্রিয়তা পেতে শুরু করেন এবং ১৯৯৯ খ্রিষ্টাব্দে যখন তার জন্মশতবার্ষিকী পালিত হচ্ছিল, ততদিনে তিনি বাংলা সাহিত্যের অন্যতম জনপ্রিয় কবিতে পরিণত হয়েছেন।

গ্রামবাংলার ঐতিহ্যময় নিসর্গ ও রূপকথা-পুরাণের জগৎ জীবনানন্দের কাব্যে হয়ে উঠেছে চিত্ররূপময়, তাতে তিনি 'রূপসী বাংলার কবি' অভিধায় খ্যাত হয়েছেন।

নিখিলবঙ্গ রবীন্দ্রসাহিত্য সম্মেলন ১৯৫২ খ্রিষ্টাব্দে পরিবর্ধিত সিগনেট সংস্করণ বনলতা সেন কাব্যগ্রন্থটি বাংলা ১৩৫৯-এর শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ বিবেচনায় পুরস্কৃত করা হয়। কবির মৃত্যুর পর ১৯৫৫ খ্রিষ্টাব্দে ফেব্রুয়ারি মাসে জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা (১৯৫৪) সাহিত্য অকাদেমি পুরস্কার লাভ করে।

Hello BCS

11) নিচের শুদ্ধ বানানটি নির্দেশ করুন

1) বুদ্ধিজীবি
2) বুদ্ধিজিবী
3) বুদ্ধিজিবি
✔ 4) বুদ্ধিজীবী

**ব্যাখ্যা :** শুদ্ধ বানান হলো বুদ্ধিজীবী । এইরূপ আরো কিছু শুদ্ধ বানান : অশরীরী, অশীতিতম, অশ্বত্থ, অসমীচীন, অসূয়া, অসূর্যম্পশ্যা, অহ্ন, অন্ত্যেষ্টিক্রিয়া।

12) আগুনের পরশমনি - উপন্যাসের উপজীব্য বিষয় কি?

1) বঙ্গভঙ্গ
2) তেভাগা আন্দোলন
✔ 3) মুক্তিযুদ্ধ
4) ভাষা আন্দোলন

**ব্যাখ্যা :** ঢাকায় গেরিলা অপারেশনের দুঃসাহসিক বর্ণনা, গেরিলাদের গোপন তৎপরতা, স্বাধীনতা সমর্থনকারী ও বিরোধিতাকারী কিছু চরিত্র উপস্থাপন করে ঔপন্যাসিক হুমায়ূন আহমেদ রচনা করেছেন মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'আগুনের পরশমণি'।

13) যার দুই হাত সমান চলে ' এক কথায় কি বলে?

1) সমান তালী
2) সব্যচাষি
✔ 3) সব্যসাচী
4) দু ' হাতি

**ব্যাখ্যা :** সব্যসাচী - (১) [বিশেষণ পদ] উভয় হস্তে সমান কাজ করতে সক্ষস এমন, উভয় হস্ত দ্বারা শরনিক্ষেপে সমর্থ এমন। (২) [বিশেষ্য পদ] অর্জুন।

14) কপোল এর প্রতিশব্দ কী?

1) ভাগ্য
✔ 2) গাল
3) ললাট
4) কপাল

**ব্যাখ্যা :** কপোল এর প্রতিশব্দ " গাল "
কপোল বি. গণ্ড, গাল। [সং. √ কপ্ + ওল] ̃ কল্পনা বি. অবান্তর কল্পনা ; গালগল্প ̃ কল্পিত বিণ. মনগড়া (কপোলকল্পিত গল্প)।

Hello BCS

15) লাজওয়াব শব্দটির " লা " কোন ধরনের উপসর্গ?

1) ফারসি
2) হিন্দি
3) ইংরেজি
✔ 4) আরবি

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় ব্যবহৃত আরবি উপসর্গ মূলত যথা : আম, খাস, গর, লা।
উপসর্গ বা আদ্যপ্রত্যয় হলো ভাষায় ব্যবহৃত কিছু অব্যয়সূচক শব্দাংশ যাদের নিজস্ব কোনো "অর্থ নেই, কিন্তু অর্থের দ্যোতনা তৈরির ক্ষমতা আছে" ।উপসর্গ শব্দ বা শব্দমূলের শুরুতে বসে নতুন অর্থবহ শব্দ তৈরি করে, শব্দাংশের শুরুতে বসে না।

উপসর্গ যুক্ত হলে কোনো শব্দের বিপরীত শব্দ তৈরি হয় অথবা অর্থের উৎকর্ষ বা সংকোচন হয়। উপসর্গ সম্পর্কিত আলোচনা ব্যাকরণের রূপতত্ত্বের অন্তর্ভুক্ত।

16) নিচের কোনটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহারণ নয়?

1) বিড়ালচোখী
2) মেনিমুখো
3) হাতেখড়ি
✔ 4) বেতার

**ব্যাখ্যা :** বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায়, তবে তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমন : বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর = বিড়ালচোখী, হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি , মেনিমুখো ।

বিশেষ্য পূর্বপদের আগে নঞ্ (না অর্থবোধক) অব্যয় যোগ করে বহুব্রীহি সমাস কিরা হলে তাকে নঞ্ বহুব্রীহি বলে। যেমন : বে (নাই) তার = বেতার ।

17) কৈশোর - শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

✔ 1) কিশোর + ষ্ণ
2) কৈশো + র
3) কৈ + শোর
4) কে + শোর

Hello BCS

**ব্যাখ্যা :** কিশোর + ষ্ণ = কৈশোর (তদ্ধিত প্রত্যয় সাধিত)। 'ষ্ণ (অ)' প্রত্যয় যোগে গঠিত কতিপয় শব্দ :
মনু + ষ্ণ = মানব,
শিব + ষ্ণ = শৈব,
শিশু + ষ্ণ = শৈশব,
পৃথিবী + ষ্ণ = পার্থিব।

18) সন্ধি বিচ্ছেদ করুন - কথাচ্ছলে

1) কথা + চ্ছল
✔ 2) কথা + ছলে
3) কোনটিই নয়
4) কথা + চ্ছলে

**ব্যাখ্যা :** স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়। যেমন :
কথাচ্ছলে = কথা + ছলে।
পরিচ্ছদ = পরি + ছদ।
মুখচ্ছবি = মুখ + ছবি প্রভৃতি।

19) সন্ধি বিচ্ছেদ করুন - " ক্ষুৎপিপাসা "

1) ক্ষুৎ + পিপাসা
2) ক্ষুধা + পিপাসা
3) কোনটিই নয়
✔ 4) ক্ষুধ্ + পিপাসা

**ব্যাখ্যা :** " ক্ষুৎপিপাসা " সন্ধি বিচ্ছেদ ক্ষুধ্ + পিপাসা
সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন – আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ আ (1) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ (I) হয়েছে। আবার, তৎ + মধ্যে =তন্মধ্যে, = এখানে ত + ম = ন্ম হয়েছে। সন্ধির উদ্দেশ্য
(ক) সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং (খ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন। যেমন— 'আশা' ও 'অতীত' উচ্চারণে যে আয়াস প্রয়োজন, 'আশাতীত' তার চেয়ে অল্প আয়াসে উচ্চারিত হয়। সেরূপ 'হিম আলয় বলতে যেরূপ শোনা যায়, 'হিমালয়' তার চেয়ে সহজে উচ্চারিত এবং শ্রুতিমধুর। তাই যে ক্ষেত্রে আয়াসের লাঘব হয় কিন্তু ধ্বনি-মাধুর্য রক্ষিত হয় না, সে ক্ষেত্রে সন্ধি করার নিয়ম নেই। যেমন— কচু + আদা + আলু =কচ্চাদালু হয় না। অথবা কচু + আলু + আদা কচ্চাম্বাদা হয় না । = আমরা প্রথমে খাঁটি বাংলা শব্দের সন্ধি ও পরে তৎসম (সংস্কৃত) শব্দের সন্ধি সম্বন্ধে আলোচনা করব। উল্লেখ্য, তৎসম সন্ধি মূলত বর্ণ সংযোগের নিয়ম ।

20) " এই বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি " এর রচয়িতা কে?

✔ 1) সুকান্ত ভট্টাচার্য
2) কাজী নজরুল ইসলাম
3) সৈয়দ শামসুল হক

Hello BCS

4) জীবনানন্দ দাস

**ব্যাখ্যা :** উক্ত চরণটির রচয়িতা সুকান্ত ভট্টাচার্য। তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ গুলোর মধ্যে অন্যতম : ঘুম নেই, পূর্বাভাস, হরতাল, অভিমান প্রভৃতি তিনি মাত্র ২০ বছর ৬ মাস জীবিত ছিলেন। তাকে কিশোর কবি বলা হয়।

21) ডাক্তার ডাক - বাক্যটিতে ' ডাক্তার ' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

✔ 1) কর্মকারকে শুন্য বিভক্তি
2) কর্মকারকে সপ্তমী বিভক্তি
3) অপাদান কারকে তৃতীয়া বিভক্তি
4) কতৃকারকে শূন্য বিভক্তি

**ব্যাখ্যা :** যাকে আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয় তা কর্মকারক। যেমন : ডাক্তার ডাক। আর ডাক্তার এর সাথে কোনো বিভক্তি না থাকায় শূন্য বিভক্তি। তাই উত্তর কর্মে শূন্য বিভক্তি।

22) নিচের কোনটি যৌগিক স্বরধ্বনির চিহ্ন?

1) আ
✔ 2) ঔ
3) উ
4) ঊ

**ব্যাখ্যা :** বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে : ঐ এবং ঔ। উদাহরণ : কৈ, বৌ। অন্য যৌগিক ঘরের চিহ্ন স্বরূপ কোনো বর্ণ নেই।

23) রাবণের চিতা বাগধারাটির অর্থ কী ?

1) উভয় সংকট
2) শেষ বিদায়
3) চূড়ান্ত অশান্তি
✔ 4) চির অশান্তি

**ব্যাখ্যা :** রাবনের চিতা - বাগধারার অর্থ - চির অশান্তি।
তুচ্ছ ঘটনা - সামান্য বিষয়ে ঝগড়া করা।
অনিষ্টে ইষ্ট লাভ - আশায় নৈরাশা।
মগের মুল্লুক - অরাজক দেশ।

24) যা দীপ্তি পাচ্ছে ' এক কথায় প্রকাশ করুন

1) আলোকিত
✔ 2) দেদীপ্যমান
3) দীপ্তিমান
4) উজ্জ্বল

Hello BCS

**ব্যাখ্যা :** যা দীপ্তি পাচ্ছে - দেদীপ্যমান।
আলোকিত অর্থ হলো - দীপান্বিত , দীপযুক্ত।
দীপ্তিমান অর্থ হলো - উজ্জ্বল এর স্ত্রী বাচক রূপ হলো - - দীপ্তমতী।

25) He lives ___ comfortable life.

- ✔ 1) a
- 2) an
- 3) the
- 4) none of them

**ব্যাখ্যা :** অনির্দিষ্টতা অর্থে article - এ a বসে। Consonant এর পূর্বে a বসবে কেননা a comfortable life দ্বারা অনির্দিষ্টতা নির্দেশ করে।

26) One should be careful about __ duty .

- 1) the
- 2) his
- 3) her
- ✔ 4) one's

**ব্যাখ্যা :** One - - এর Possessive case হলো one's। বাক্যটির শূন্যস্থানে Subject (one) - - এর possessive case বসাতে হবে। তাই সঠিক উত্তর one's।

27) 'Out and out' means

- 1) brave
- 2) not at all
- ✔ 3) thoroughly
- 4) whole heated

**ব্যাখ্যা :** ∎ 'Out and out' means--thoroughly = পুঙ্খানুপুঙ্খভাবে, সমগ্রভাবে.
"Thoroughly" is an adverb that means to do something in a comprehensive, detailed, and meticulous manner. It suggests performing an action with great care, attention, and completeness, leaving no stone unturned. When you do something thoroughly, you make sure to cover all aspects, consider all possibilities, and leave no room for negligence or oversight. It implies a high degree of completeness and exhaustiveness in carrying out a task or examining a subject.

28) Shackespeare is known mostly for his--

- 1) poetry

Hello BCS

✔ 2) drama
3) novels
4) films

ব্যাখ্যা : Shakespeare ইংরেজি সাহিত্যের একজন বিখ্যাত নাট্যকার।
তার বিখ্যাত নাটকগুলোর মধ্যে Macbeth, Othello, Hamlet এবং King Lear উল্লেখযোগ্য।
সঠিক উত্তর - Drama.

29) A voyega to Lilliput' is written by -

1) william wordsworth
✔ 2) jonathan swift
3) R.L stevenson
4) Thomas hardy

ব্যাখ্যা : About Gulliver's Travels: Voyage to Lilliput
In the best-known tale from Jonathan Swift's classic satire, Lemuel Gulliver survives a shipwreck only to find himself on a strange island with even stranger inhabitants: miniature humans, no bigger than his hand.

30) Which is the correct spelling ?

1) Achievrnent
✔ 2) Achievement
3) Achevnent
4) Achevinennt

ব্যাখ্যা : The correct Spelled: Achievement (অর্জন )
The term "achievement" generally refers to the successful accomplishment of a goal, task, or objective. It is a positive outcome that is usually recognized and valued by oneself or others. Achievements can be related to various aspects of life, including personal, academic, professional, athletic, creative, or social endeavors.

An achievement is often the result of hard work, dedication, perseverance, and the effective utilization of one's skills, knowledge, and resources. It represents a significant milestone or accomplishment that demonstrates one's abilities, progress, or success in a particular area.

Achievements can vary in scope and significance. They can range from small-scale accomplishments, such as completing a challenging project or winning a local competition, to major achievements like earning a degree,

Hello BCS

starting a successful business, receiving an award, or making a groundbreaking discovery.

The concept of achievement is subjective and can vary depending on individual goals, values, and aspirations. What may be considered a noteworthy achievement for one person may not hold the same importance for another. Ultimately, achievements are personal milestones that contribute to personal growth, satisfaction, and a sense of accomplishment.

31) The indirect from of the sentence - Farida said to her mother , " I shall go to bed now " is ____

✔ 1) Farida told her mother that she would go to bed then
2) Farida told her mother that she will go to bed now
3) Farida told her mother that she should go to bed
4) Farida told her mother that she will go to bed

**ব্যাখ্যা :** Reporting verb টি past tense এর হওয়ায় Reported speech এ Indirect narration এ ক্ষেত্রে shall এর হলে 'would' ব্যবহৃত হয়। Reported speech - এ first person থাকলে reporting verb - এর sub অনুযায়ী পরিবর্তিত হবে আর Future Indefinite - এ থাকলে তা future past এবং now, then - এ রূপান্তরিত হবে।

32) Which of the noun is used in the feminine form ?

1) anger
2) time
✔ 3) moon
4) none

**ব্যাখ্যা :** Autumn, Church, Earth, Hope, Justice, Liberty, Mercy, Modesty, Moon, Night, Nature, Peace, Religion, Spring, Truth - এদের সৌন্দর্য, নমনীয়তা, কোমলতা, পবিত্রতা ইত্যাদি নারীসুলভ গুণ থাকার কারণে এদেরকে Feminine gender হিসেবে গণ্য করা হয়। আবার, জাহাজ, দেশ এবং সুন্দর শিল্পকর্মের নামকে Feminine gender ধরা হয়।

33) Identify the correct passive form of:
“He is going to open a shop.”

1)
He is being gone to open a shop

2)
A shop is being gone opened by him

3)
A shop will be opened by him

✔ 4)
A shop is going to be opened by him

ব্যাখ্যা :

‘going to’ যুক্ত active sentence কে passive voice -এর পরিবর্তন করার সময় auxiliary verb-এর tense অপরিবর্তিত থাকে। তাছাড়া ‘going to’ এর ও কোনো পরিবর্তন হয় না এবং এর পর be বসে ও principal verb এর past participle form হয়। এছাড়া voice পরিবর্তনের অন্যান্য নিয়ম অপরিবর্তিত থাকে।

34) The correct sentence of the following :

1) The padma is longest river in bangladesh
2) The padma is longest river in the Bangldesh
3) padma is longest river in Bangladesh
✔ 4) The padma is the longest river in bangladesh

ব্যাখ্যা : The correct sentence is D) "The Padma is the longest river in Bangladesh."
This sentence is correct because it follows proper capitalization rules and includes the definite article "the" before "Padma" and "longest river." Capitalization rules require the proper nouns "Padma" and "Bangladesh" to be capitalized. Additionally, the use of "the" before "Padma" and "longest river" indicates that it is a specific river being referred to as the longest in Bangladesh.

Hello BCS

35) Man of straw' means____

1) respected person
✔ 2) worthless man
3) gentleman
4) noted person

**ব্যাখ্যা :** The phrase "man of straw" is an idiomatic expression that typically refers to someone who is weak, ineffectual, or lacking substance or credibility. It suggests that the person in question is easily blown away or defeated, like a scarecrow made of straw. It can also imply that the individual is a mere figurehead or puppet, lacking true power or authority. The term can be used to describe someone who appears formidable or influential but lacks the necessary qualities or abilities to back it up.

36) Nasima arrived while I __ the dinner .

1) cook
✔ 2) was cooking
3) would cooking
4) had cooking

**ব্যাখ্যা :** While যুক্ত clause এর verb সাধারণত continuous tense এর হয়ে থাকে। main clasuse এর বাক্য টি past indefinite tense এর, তাই subordinate clause অর্থাৎ while যুক্ত clauses টির verb form past continuous tense এ হবে।

37) A 'pilgrim' is a person who undertakes a journey to a____

1) New country
✔ 2) Holy place
3) Bazar
4) Mosque

Hello BCS

**ব্যাখ্যা :** যিনি pilgrim বা তীর্থযাত্রী তিনি পবিত্র স্থানে বা holy place - এর দিকে যাত্রা করেন।

তীর্থযাত্রী : pilgrims to Canterbury; pilgrims to the Himalayas; Ajmeer pilgrims. the Pilgrim fathers যেসব পিউরিটান ১৬২০ সালে ইংল্যান্ড থেকে যুক্তরাষ্ট্রের প্লিমুথে গিয়ে উপনিবেশ স্থাপন করেছিলেন। pilgrimage তীর্থযাত্রা।

38) If we want concrete proof , we are lokking for ___

✔ 1) clear avidence
2) building material
3) a cement mixer
4) something to cover a path

**ব্যাখ্যা :** এখানে 'Concrete' বলতে ইট, বালি, সিমেন্ট মিশ্রিত 'Concrete' বুঝানো হয়নি। এখানে 'Concrete' অর্থ 'বাস্তব', Clear. 'Proof' মানে প্রমাণ, 'Evidence'. অতএব, Concrete Proof = Clear Evidence.

39) The world ' Gravity' is ___

✔ 1) noun
2) adverb
3) adjective
4) gerund

**ব্যাখ্যা :** Gravity(অভিকর্ষ) শব্দটি অর্থগত দিক দিয়ে noun. আবার শব্দটির noun হওয়ার আরও একটি কারণ হল word টির সাথে noun suffix 'ity' রয়েছে। Gravity শব্দটি Abstract Noun.

40) The train _____ from Rangpur.

1) have already arrived
✔ 2) has already arrived
3) already arrive
4) already has been arriving

**ব্যাখ্যা :** just, just now, already, recently, so far, until now, up to now, yet, never, ever, lately, ইত্যাদি word বাক্যে ব্যবহৃত হলে বাক্য এর form হবে present perfect tense.

41) The chain was ___ than we though .

1) strong
✔ 2) stronger
3) much
4) strongest

**ব্যাখ্যা :** দুটি বস্তু ও ধারণার মধ্যে তুলনা বুঝাতে adjective এর comparative degree ব্যবহৃত হয় এবং তুলনীয় বস্তু/ধারণার আগে than ব্যবহৃত হয়।

42) ১৯৪৩ সালের দুর্ভিক্ষের উপর ছবি এঁকে বিখ্যাত হন কোন শিল্পী?

✔ 1) জয়নুল আবেদীন
2) হাসেম খান
3) রফিকুন্নবী
4) কামরুল হাসান

**ব্যাখ্যা :** জয়নুল আবেদিন বিংশ শতাব্দীর একজন বিখ্যাত বাঙালি চিত্রশিল্পী। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে রয়েছে দুর্ভিক্ষ–চিত্রমালা, সংগ্রাম, সাঁওতাল রমণী, ঝড়, কাক, বিদ্রোহী ইত্যাদি। তাঁর দীর্ঘ দুইটি স্ক্রল ১৯৬৯ - এ অংকিত নবান্ন এবং ১৯৭৪ - এ অংকিত মনপুরা - ৭০ জননন্দিত দুইটি শিল্পকর্ম।

Hello BCS

43) বাংলাদেশের বীরত্বসূচক উপাধিগুলোর মধ্যে কোনটির স্থান মর্যাদার দিক থেকে দ্বিতীয়?

- ✔ 1) বীর উত্তম
- 2) বীর প্রতীক
- 3) বীর বিক্রম
- 4) বীরশ্রেষ্ঠ

**ব্যাখ্যা :** বীরত্বসূচক খেতাব বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসম সাহসিকতা প্রদর্শন এবং আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের প্রদত্ত খেতাব। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় মুক্তিবাহিনীর সদস্যদের বীরত্ব ও সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিদান এবং তাদের মধ্যে আত্মত্যাগের প্রেরণা সৃষ্টির লক্ষে বীরত্বসূচক খেতাব প্রদানের একটি প্রস্তাব মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এম এ জি ওসমানী মে মাসের প্রথমদিকে মুজিবনগর সরকারের মন্ত্রিপরিষদে উপস্থাপন করেন। ১৬ মে মন্ত্রিপরিষদের বৈঠকে বীরত্বসূচক খেতাবের প্রস্তাবটি অনুমোদিত হয়। এ পরিকল্পে চার পর্যায়ের খেতাব প্রদানের বিধান ছিল : (ক) সর্বোচ্চ পদ, (খ) উচ্চ পদ, (গ) প্রশংসনীয় পদ, (ঘ) বীরত্বসূচক প্রশংসাপত্র।

খেতাব প্রাপ্তির জন্য মর্যাদার ক্রমানুসারে নিম্নোক্ত যোগ্যতা অর্জন করতে হতো : সর্বোচ্চ পদ অত্যন্ত প্রতিকূল অবস্থার মোকাবেলায় মৃত্যুর ঝুঁকি নিয়ে সর্বোচ্চ পর্যায়ের বীরত্বপূর্ণ কাজ, যে কাজ না করলে শত্রু বাংলাদেশ বাহিনীর ব্যাপক ক্ষতিসাধন করতে পারত। উপরন্তু ঐ বীরত্বপূর্ণ কাজের ফলে শত্রুর ব্যাপক ক্ষতি সাধনের মাধ্যমে যুদ্ধের গতি প্রকৃতিকে সপক্ষে প্রভাবিত করেছে।

উচ্চ পদ পূর্ব বর্ণিত খেতাবের মত যোগ্যতা অর্জন করতে হবে, তবে তা অপেক্ষাকৃত কম মাত্রায়।

প্রশংসনীয় পদ পূর্ব বর্ণিত খেতাবের মত যোগ্যতা অর্জন করতে হবে, তবে তা অপেক্ষাকৃত আরও কম মাত্রায়।

বীরত্বসূচক প্রশংসাপত্র উপরিউক্ত তিন প্রকার খেতাবের যোগ্যতা অর্জন করে না অথচ বীরত্বপূর্ণ কাজের জন্য প্রশংসাপত্র প্রদান করা বিধেয়।

খেতাব প্রদানের ক্ষেত্রে বীরত্বপূর্ণ কাজের প্রত্যক্ষদর্শী হিসেবে সর্বোচ্চ পদের জন্য তিনজন সাক্ষী, উচ্চ পদের জন্য দুই জন সাক্ষী, প্রশংসনীয় পদের জন্য একজন সাক্ষীর প্রয়োজন হতো। বীরত্বসূচক প্রশংসাপত্রের জন্য কোনও সাক্ষীর প্রয়োজন হতো না।

বীরত্বসূচক খেতাবের সঙ্গে এককালীন আর্থিক পুরস্কার প্রদান করা হতো। সর্বোচ্চ পদের জন্য দশ হাজার টাকা (বর্তমানে এক লক্ষ টাকা), উচ্চ পদের জন্য পাঁচ হাজার টাকা (বর্তমানে পঞ্চাশ হাজার টাকা), প্রশংসনীয় পদের জন্য দুই হাজার টাকা (বর্তমানে বিশ হাজার টাকা)। বীরত্বসূচক প্রশংসাপত্রের জন্য কোনো আর্থিক পুরস্কারের বিধান ছিল না। বর্তমানে দশ হাজার টাকা প্রদানের বিধান রাখা হয়েছে। এখন খেতাব প্রাপ্তদের মাসিক ভাতাও প্রদান করা হয়।

স্বাধীনতার পর ১৯৭২ সালের ১৪ ফেব্রুয়ারি মন্ত্রিপরিষদ সভায় বীরত্বসূচক খেতাবের নতুন নামকরণ হয় : সর্বোচ্চ পদমর্যাদার খেতাব বীরশ্রেষ্ঠ

উচ্চ পদমর্যাদার খেতাব বীর উত্তম

প্রশংসনীয় পদমর্যাদার খেতাব বীর বিক্রম

বীরত্বসূচক প্রশংসাপত্রের খেতাব বীর প্রতীক

১৯৭২ সালের ১৯ ফেব্রুয়ারি ৪৩ জন মুক্তিযোদ্ধাকে বীরত্বসূচক খেতাবের জন্য নির্বাচন করা হয়। ১৯৭৩ সালের ২৬ মার্চ পূর্বের ৪৩ জনসহ মোট ৫৪৬ জন মুক্তিযোদ্ধা খেতাবের জন্য নির্বাচিত হন। স্বাধীনতা যুদ্ধকালে বা পরবর্তী সময়ে বিভিন্ন ইউনিট, সেক্টর, ব্রিগেড থেকে পাওয়া খেতাবের জন্য সুপারিশসমূহ এয়ার ভাইস মার্শাল এ. কে খন্দকারের নেতৃত্বে একটি কমিটি দ্বারা নিরীক্ষা করা হয়। এরপর ১৯৭৩ সালের ১৪ ডিসেম্বর প্রতিরক্ষা মন্ত্রী হিসেবে

Hello BCS

প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খেতাব তালিকায় স্বাক্ষর করেন।
১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর পূর্বে নির্বাচিত সকল মুক্তিযোদ্ধার নামসহ মোট ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে নিম্নোক্ত খেতাব প্রদান করা হয় :
বীরশ্রেষ্ঠ - ৭ জন
বীর উত্তম - ৬৮ জন
বীর বিক্রম - ১৭৫ জন
বীর প্রতীক - ৪২৬ জন
১৯৯২ সালের ১৫ ডিসেম্বর জাতীয়ভাবে বীরত্বসূচক খেতাব প্রাপ্তদের পদক ও রিবন প্রদান করা হয়। ২০০১ সালের ৭ মার্চ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের আর্থিক পুরস্কার এবং সনদপত্র প্রদান করা হয়।
বাহিনীভিত্তিক খেতাবপ্রাপ্তদের সংখ্যা নিম্নরূপ :
সেনাবাহিনী - ২৮৮ জন
নৌবাহিনী - ৪ জন
বিমান বাহিনী - ২১ জন
বাংলাদেশ রাইফেল্স - ১৪৯ জন
পুলিশ - ৫ জন
মুজাহিদ/ আনসার - ১৪ জন
গণবাহিনী - ১৭৫ জন
খেতাবপ্রাপ্তদের মধ্যে রয়েছেন দু’জন মহিলা। পাঁচজন অবাঙালিও বীরত্বসূচক খেতাব পান, যাদের মধ্যে একজন বিদেশী।
মুক্তিযুদ্ধ পরবর্তী সময়ে বীরত্বসূচক খেতাব সামরিক বাহিনী এবং সংশ্লিষ্ট আধাসামরিক বাহিনীর সদস্যদের জন্যও প্রযোজ্য আছে। স্বাধীনতার পর এ পর্যন্ত পার্বত্য চট্টগ্রাম, টাঙ্গাইল-ময়মনসিংহ, রাজশাহী ও অন্যান্য স্থানে পরিচালিত অপারেশনে সেনাবাহিনী ও বাংলাদেশ রাইফেল্সের ১২৬ জন বীরত্বসূচক খেতাব পেয়েছেন। রাষ্ট্রীয় অনুষ্ঠানে তাঁদের আমন্ত্রণ জানানো হয়। বীরত্বসূচক খেতাবপ্রাপ্তরা সমাজে উচ্চ মর্যাদায় সমাসীন। [মুহাম্মদ লুৎফুল হক]

44) স্বাধীনতা যুদ্ধ কালে বাংলাদেশের অস্থায়ী সরকার কোন তারিখে গঠিত?

1) ২৬ মার্চ
✔ 2) ১৭ এপ্রিল
3) ১৬ ডিসেম্বর
4) ২৫ মার্চ

**ব্যাখ্যা :** ১৯৭১ সালের ২৬ মার্চ স্বাধীনতা ঘোষণার পর ১০ এপ্রিল এ সরকার গঠিত হয়। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলা গ্রামে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে।

45) বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে শিক্ষার জন্য সংবিধানের অঙ্গিকার ব্যক্ত আছে?

1) ১৫
2) ১৬
✔ 3) ১৭

Hello BCS

4) ১৪

**ব্যাখ্যা :** সংবিধানের ১৭ অনুচ্ছেদে শিক্ষার কথা বলা আছে। এ অনুচ্ছেদ রাষ্ট্র পরিচালনার মূলনীতি ভাগে অন্তর্ভূক্ত। এ অনুচ্ছেদে মূলত তিনটি বিষয় উল্লেখ আছে। প্রথমত, এখানে আইনানুযায়ী সর্বজনীন, গণমুখি, অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার কথা বলা আছে।

46) কোন আমলে 'মসলিন কাপড়' ঢাকায় তৈরী হত?

1) পাল
✔ 2) মুঘল
3) সেন
4) ইংরেজ

**ব্যাখ্যা :** মুঘল আমলে প্রাচীন বাংলার গৌরব ' মসলিন কাপড়' ঢাকায় তৈরি হত। মসলিন বিশেষ এক প্রকার তুলার আঁশ থেকে প্রস্তুতকৃত সূতা দিয়ে বয়ন করা এক প্রকারের অতি সূক্ষ্ম কাপড়বিশেষ। এটি ঢাকাই মসলিন নামেও সুবিদিত। ফুটি কার্পাস নামক তুলা থেকে প্রস্তুত অতি চিকন সুতা দিয়ে মসলিন তৈরি করা হত।

চড়কা দিয়ে কাটা, হাতে বোনা মসলিনের জন্য সর্বনিম্ন ৩০০ কাউন্টের সুতা ব্যবহার করা হত যার ফলে মসলিন হত কাচের মত স্বচ্ছ। এই মসলিন রাজকীয় পোশাক নির্মাণে ব্যবহার করা হত। মসলিন প্রায় ২৮ রকম হত যার মধ্যে জামদানী এখনও ব্যাপক আকারে প্রচলিত। নানা কারণে আঠারো শতকের শেষার্ধে বাংলায় মসলিন বয়ন বন্ধ হয়ে যায়।

Hello BCS

47) কোন বীরশ্রেষ্ঠর সমাধিস্থল পাকিস্থানে কারাচিতে ছিলো?

✔ 1) ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান
2) সিপাহী হামিদুর রহমান
3) ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর
4) সিপাহী মোস্তফা কামাল

**ব্যাখ্যা :** পাকিস্তান সরকার মতিউর রহমানের মৃতদেহ করাচির মাসরুর ঘাটির চতুর্থ শ্রেণীর কবরস্থানে সমাহিত করে। পরবর্তীতে বাংলাদেশ স্বাধীন হয়ার পর, ২০০৬ সালের ২৪ জুন মতিউর রহমানের দেহাবশেষ পাকিস্তান হতে বাংলাদেশে ফিরিয়ে আনা হয়।তাকে পূর্ণ মর্যাদায় ২৫শে জুন শহীদ বুদ্ধিজীবী গোরস্থানে পুনরায় দাফন করা হয়। তিনি ২০ আগস্ট শহীদ হোন।

48) " সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই" - উক্তিটি কার?

1) রবীন্দ্রনাথ ঠাকুর
2) কাজী নজরুল ইসলাম
3) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
✔ 4) চন্ডীদাস

**ব্যাখ্যা :** 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই' এই অমর উক্তিটি করেছেন মধ্যযুগের প্রখ্যাত কবি বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি রচিয়তা চণ্ডীদাস। উল্লেখ্য, পদাবলীতে ভিন্ন ভিন্ন চণ্ডীদাসের নাম (চণ্ডীদাস দ্বিজ, চণ্ডীদাস দীন, চণ্ডীদাস আদি ইত্যাদি।) জানা যায়। তবে ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র মতে, চণ্ডীদাস তিনজন - বড়ু চণ্ডীদাস শ্রীকৃষ্ণকীর্তনের রচয়িতা এবং দ্বিজ ও দীন পদাবলীর কবি

49) ঐতিহাসিক একুশে ফেব্রুয়ারি বাংলা কত তারিখ ছিলো?

1) ৩১ পৌষ
2) ২৯ মাঘ
3) ৯ মাঘ
✔ 4) ৮ ফাল্গুন

**ব্যাখ্যা :** ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা ৮ ফাল্গুন,১৩৫৮ তারিখ ছিল।
১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি দিনটি ছিল.বৃহস্পতিবার।
ভাষা আন্দলনে বঙ্গবন্ধু ১২ দিন অনশন করে ছিলেন।

50) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ' অসমাপ্ত আত্মজীবনী ' প্রকাশিত হয় কোন সনে?

1) ২০১১
✔ 2) ২০১২
3) ২০১৩
4) ২০১৫

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটির বাংলা ও ইংরেজি সংস্করণ প্রকাশিত হয় ১৮ জুন ২০১২। প্রকাশক হলো 'দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড, মতিঝিল, ঢাকা'। রচনাকাল ১৯৬৬ থেকে ১৯৬৯ সাল পর্যন্ত। ঢাকা কেন্দ্ৰীয় কারাগারে অন্তরীণ থাকা অবস্থায় 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি লেখেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গ্রন্থটি প্রথম পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করে। আর বইটির প্রথম লাইন হলো ‘বন্ধু বান্ধবরা বলে তোমার জীবনী লেখো' এবং শেষ লাইন হলো 'তাতেই আমাদের হয়ে গেল।

Hello BCS

51) বরেন্দ্রভূমি নামে পরিচিত -

1) সুন্দরবন
✔ 2) রাজশাহী বিভাগের উত্তর পশ্চিমাংশ
3) ময়নামতি ও লালমাই পাহাড়
4) মধুপুর ও ভাওয়াল গড়

**ব্যাখ্যা :** বরেন্দ্র ভূমি হলো বেঙ্গল বেসিনের বৃহত্তম প্লেইস্টোসিন যুগের ফিজিওগ্রাফিক ইউনিট। এটি বাংলাদেশের রাজশাহী বিভাগ ও রংপুর বিভাগের অধিকাংশ দিনাজপুর, রংপুর, পাবনা, রাজশাহী, বগুড়া ও জয়পুরহাট জেলা অর্থাৎ পশ্চিমবঙ্গ, ভারতের সম্পূর্ণ উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং অধিকাংশ মালদহ জেলা পূর্ণ করে। এটি বাংলাদেশের বিভিন্ন পৃথক বিভাগে উত্তর-পশ্চিম অংশ এবং ভারতের পশ্চিমবঙ্গ আচ্ছাদিত এলাকা নিয়ে গঠিত যার মোট এলাকা প্রায় ১০০০০ বর্গকিমি যার বেশিরভাগই পুরাতন পলি সংবলিত। এর পূর্ব প্রান্ত একটি নিম্ন চ্যুতি। এই চ্যুতি দিয়ে প্রবাহিত ছোট যমুনা, আত্রাই এবং নিম্ন পুনরভবা নদী। পশ্চিমের প্রধান এলাকা

খাঁড়া এবং পূর্ব দিকে এই এলাকায় হেলানো কৃত। ভারত থেকে এই এলাকার জলবায়ুর তারতম্য রয়েছে, (বিস্তার ৪৫ ডিগ্রী সেলসিয়াস থেকে পাঁচ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত নিচে) সম্মুখীন হয়। এই ভূমি বিভক্ত করা হয় তিনটি ইউনিট : সাম্প্রতিক পাললিক ফ্যান, বরেন্দ্র প্লেইস্টোসিন, এবং সাম্প্রতিক প্লাবনভূমি. এইগুলো ভাগ করা হয় সাম্প্রতিক পলির , দীর্ঘ, সংকীর্ণ ব্যান্ড এর উপর।

52) বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন -

✔ 1) উথান্ট
2) কফি আনান
3) কুর্টওয়ার্ল্ড হেইম
4) দ্যাগ হ্যামারশোল্ড

**ব্যাখ্যা :** বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন - উ থান্ট।
মহা থ্রায় সিথু উ থান্ট (জানুয়ারি ২২, ১৯০৯ – নভেম্বর ২৫, ১৯৭৪) ছিলেন বর্মী কূটনীতিবিদ এবং জাতিসংঘের তৃতীয় মহাসচিব।

তিনি ১৯৬১ থেকে ১৯৭১ সাল পর্যন্ত মহাসচিবের দায়িত্ব পালন করেন। এক বিমান দুর্ঘটনায় জাতিসংঘের ২য় মহাসচিবের মৃত্যু হলে সেপ্টেম্বর ১৯৬১ সালে তাকে মহাসচিব পদের জন্য নির্বাচিত করা হয়।

53) জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে সার্কভুক্ত কোন দেশটি সবচেয়ে ছোট?

1) ভুটান
2) শ্রীলঙ্কা
✔ 3) মালদ্বীপ
4) নেপাল

**ব্যাখ্যা :** জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে এশিয়া মহাদেশ তথা সার্কভুক্ত সবচেয়ে ছোট দেশ মালদ্বীপ ।
মালদ্বীপের আয়তন ও জনসংখ্যা যথাক্রমে ২৯৮ বর্গ কিমি ও ৪ লাখ ।

54) গেটিসবার্গ শহরের সাথে মার্কিন কোন প্রেসিডেন্টের নাম জড়িত?

1) উড্রো উইলসন
✔ 2) আব্রাহাম লিংকন
3) জর্জ ওয়াশিংটন
4) ট্রুম্যান

**ব্যাখ্যা :** আব্রাহাম লিঙ্কন আমেরিকার গৃহযুদ্ধের সময় ১৮৬৩ সালের ১৯ নভেম্বর পেনসিলভানিয়ার গেটিসবার্গে ভাষণ দেন। তিনি আমেরিকার দাস প্রথা বিলোপ সাধন করেন।

১৮৬০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে আব্রাহাম লিঙ্কনের নেতৃত্বাধীন রিপাব্লিকার পার্টি ইউনাইটেড স্টেটসের অঙ্গরাজ্যগুলোতে দাসপ্রথার বিস্তার এর বিরোধিতা করেন। লিঙ্কন জয়লাভ করেন, কিন্তু তার দায়িত্বগ্রহণের পূর্বেই ৪ঠা মার্চ, ১৮৬১ সালে সাতটি দাসরাজ্য যেগুলোর অর্থনীতি ছিল তাঁত ভিত্তিক, কনফেডারেসি গঠন করে।

Hello BCS

বিদায়ী ডেমক্রেটিক প্রেসিডেন্ট জেমস বুকানন এবং ক্ষমতাসীন রিপাব্লিকানরা এই বর্জনকে বেআইনি বলে প্রত্যাখ্যান করেন। লিঙ্কনের উদ্বোধনি বক্তব্য ঘোষণা করে যে তার প্রশাসন গৃহযুদ্ধ শুরু করবেনা। আটটি অঙ্গরাজ্য ইউনিয়ন বর্জনের আহবান ক্রমাগত প্রত্যাখ্যান করতে থাকে। কনফেডারেট বাহিনী কনফেডারেসির অধীন অসংখ্য দুর্গ দখল করে। এর মধ্যে একটি শান্তি আলোচনা সংঘটিত হয় এবং তা কোন ধরনের সমাধানের পথ দেখাতে ব্যার্থ হয় এবং দুই পক্ষ রণসাজে সজ্জিত হতে থাকে। কনফেডারেটরা আশা করছিল যে ইউরোপিয়ান শক্তিগুলো হস্তক্ষেপ করবে কেননা তারা কিং কটন এর প্রতি অতিমাত্রায় নির্ভরশীল। পরিহাসের বিষয় এরা কেউই তা করেনি এবং কেউই এই নতুন কনফেডারেট শক্তিকে স্বীকৃতি প্রদান করেনি। সহিংসতা শুরু হয় ১৮৬১ সালের ১২-ই এপ্রিল যখন কনফেডারেট ফোর্স ফোর্ট সামটারের উপর গোলা বর্ষন করে।

55) নোবেল পুরস্কার প্রবর্তকের মূল আবিষ্কার প্রধানত কী কাজে ব্যবহৃত হয়?

1) সৃষ্টির জন্য
✔ 2) ধ্বংসের জন্য
3) শিল্প উন্নয়নের জন্য
4) যোগাযোগের জন্য

**ব্যাখ্যা :** আলফ্রেড নোবেল ডিনামাইট আবিষ্কার করেছিলেন। ১৯০১ সাল থেকে ৫টি বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হয়। বর্তমানে ৬ টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হয়।

56) দূর প্রাচ্যের দেশ -

1) ওমান
✔ 2) জাপান
3) সিরিয়া
4) ভিয়েতনাম

**ব্যাখ্যা :** এশিয়া মহাদেশের স্বাধীন রাষ্ট্র ৪৪ টি। এর মধ্য পূর্ব এশিয়া তথা দূর প্রাচ্যের দেশ ৫ টি। যথা - চীন, জাপান, উত্তর কোরিয়া, দক্ষিণকোরিয়া ও মঙ্গোলিয়া।

57) ভারতের প্রথম মুদ্রা প্রবর্তন করেন -

✔ 1) শের শাহ
2) মুহাম্মদ বিন তুঘলক
3) ইলতুতমিশ
4) লর্ড কর্নওয়ালিস

**ব্যাখ্যা :** শের শাহ ছিলেন মধ্যযুগীয় দিল্লির একজন শক্তিশালী আফগান বিজয়ী। গ্রান্ড ট্রাঙ্ক রোড (সড়ক - ই - আজম) শের শাহ্ পর অমর কীর্তি, তিনি প্রথম রুপিয়া নামক মুদ্রার প্রচলন করেন। তিনি মোহর নামে ১৬৯ গ্রেইন ওজনের স্বর্ণমুদ্রা ও দাম নামে তাম্রমুদ্রা চালু করেন। তিনি ডাক ব্যবস্থারও অমূল সংস্কার করেন। তিনি কবুলিয়ত ও বাট্টা প্রথা চালু করেন।

Hello BCS

58) ভিটামিন সি এর রাসায়নিক নাম কি?

- ✔ 1) অ্যাসকরবিক এসিড
- 2) সাইট্রিক এসিড
- 3) ফরমিক এসিড
- 4) নাইট্রিক এসিড

**ব্যাখ্যা :** ভিটামিন-সি যার রাসায়নিক নাম অ্যাসকরবিক অ্যাসিড ( Ascorbic Acid )। এটি একটি জৈব অম্ল, যা শাকসবজি, ফল প্রভৃতিতে পাওয়া যায়। যার রাসায়নিক সংকেত $C_6H_8O_6$ এটি সাদা দানাদার পদার্থ। মানুষসহ বিভিন্ন প্রাণী ও উদ্ভিদের জন্য একটি প্রয়োজনীয় পুষ্টি উপাদান।

59) মানব দেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র -

- 1) স্টেথোস্কোপ
- 2) কার্ডিওগ্রাফ
- 3) ইকোকার্ডিওগ্রাফ
- ✔ 4) স্ফিগমোম্যানোমিটার

**ব্যাখ্যা :** রক্তচাপ জানার যন্ত্র কে বলে স্ফিগনোম্যানোমিটার।
যদিও এখন ডায়াল টাইপ অসে গেছে, তবু যেহেতু প্রেসার এর মাপ আগের পারদ (mercury) টাইপ তাই আগে ওটাই জানাচ্ছি। -

আগে এর মধ্যে যে পট্টি থাকে সেটা ওপর বাহুতে জড়িয়ে নেয়া হয় । তারপর সঙ্গে যে বেলুনের মত বাল্ব থাকে সেটা বার বার চেপে হাওয়া দেয়া হয় ঐ পট্টিতে। যখন হাওয়ার চাপ (প্রেসার) বাড়তে থাকে, সঙ্গে সঙ্গে লাগোয়া টিউব দিয়ে পারার চাপও বাড়তে থাকে আর তা ওপরের সাধারণ মাপ (normal pressure 120) এর ওপর অবধি করা হয়।

তাহলে ঐ চাপে ধমনি (artery) চেপে যায় হাতে রক্ত আসা সাময়িকভাবে থেমে যায়। তখন লাগোয়া একটি স্ক্রু দিয়ে ধীরে ধীরে চাপ কমানো হয় এবং সাথে সাথে স্টেথোস্কোপ দিয়ে পাল্স (pulse) দেখা হয়।( পাল্স তখনই পাওয়া যাবে যখন আবার রক্ত সংবাহন শুরু হবে। )

যেই, প্রেসার কমাতে কমাতে পাল্স পাওয়া শুরু হবে, সেই রিডিং (reading) ওপরের রক্ত-চাপ (upper or high blood pressure or High BP) দেখাবে।

এইভাবে চাপ কমাতে কমাতে ( সাথে সাথে স্টেথোস্কোপ দিয়ে পাল্স (pulse) দেখতে দেখতে) হঠাৎ পাল্স আর পাওয়া যাবে না। তার মানে ঐ রক্তচাপ ধমনির নিম্নচাপে পৌছে গেছে (lower BP)।

ডায়াল টাইপে পারদ ব্যাবহার হয় না, তার বদলে বায়ু চাপ মাপার একটা ডায়াল ( ঘড়ির মত) থাকে- তাতে রিডিং পাওয়া যায়।

Hello BCS

60) ইস্ট কি?

1) একটি ভাইরাস
✔ 2) একটি ছত্রাক
3) একটি ব্যাকটেরিয়া
4) একটি ফার্ন

**ব্যাখ্যা :** ঈস্ট বা খামি বা গাঁজ (ইংরেজি : Yeast) একপ্রকার এককোষী ছত্রাক। বেশির ভাগ ইস্ট উচ্চ শ্রেনীর অ্যাসকোমাইসিটিস এর অন্তর্ভুক্ত। প্রথম খামিরটি কয়েকশো মিলিয়ন বছর আগে উদ্ভূত হয়েছিল এবং বর্তমানে কমপক্ষে ১৫০০ প্রজাতির ঈস্ট পাওয়া যায় । এগুলো সমস্ত ছত্রাক প্রজাতির ১% বলে অনুমান করা হয়।

খামি এক ধরনের এককোষী মৃতজীবী ছত্রাক। এরা পাকা ফল, আখ, খেজুর, তাল ইত্যাদির মিষ্টি রসে জন্মায়। ঈস্ট সন্ধান প্রক্রিয়ায় ওই সব শর্করা জাতীয় খাদ্য গেঁজিয়ে অ্যালকোহল উৎপন্ন করে। অ্যালকোহল বিভিন্ন রকমের ঔষধ সংরক্ষণে ব্যবহার করা হয়।

ব্যবহার : ঈস্ট বা খামি থেকে ভিটামিন বি-কমপ্লেক্স ট্যাবলেট প্রস্তুত হয়। ঈস্ট থেকে প্রাপ্ত উৎসেচক বা এনজাইম বিভিন্ন শিল্পে ব্যবহৃত হয়। বেকারি শিল্পে ঈস্ট পাউরুটি, কেক প্রভৃতি খাবার তৈরি করার জন্যও ব্যবহার করা হয়। তবে, আজকাল জেনেটিক্যালি মডিফায়েড ইষ্ট বেশি ব্যবহার হয়। তা খাওয়া স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

61) নিচের কোনটি গ্রীনহাউজ গ্যাস?

1) নাইট্রোজেন
2) অক্সিজেন
✔ 3) $CO_2$
4) হাইড্রোজেন

**ব্যাখ্যা :** গ্রিন হাউজ গ্যাস সমূহ হলো : কার্বন ডাইঅক্সাইড, সিএফসি, মিথেন, নাইট্রাস অক্সাইড প্রভৃতি। কার্বন ডাই অক্সাইড (রাসায়নিক সংকেত $CO_2$) একটি প্রাকৃতিক রাসায়নিক যৌগ যা দুইটি অক্সিজেন পরমাণু ও একটি কার্বন পরমাণু দিয়ে গঠিত এবং প্রতিটি অক্সিজেন পরমাণু একটি কার্বন পরমাণুর সাথে দ্বি-বন্ধন দ্বারা যুক্ত থাকে।

62) কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে বলে -

1) সফটওয়্যার
2) RAM
✔ 3) ROM
4) হার্ডওয়্যার

**ব্যাখ্যা :** কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে ´ROM´ বলে। ROM – এর পূর্ণরূপ হলো Read Only Memory । ROM – এর রক্ষিত তথ্য কখনো মুছে যায় না। কম্পিউটারের অস্থায়ী স্মৃতিশক্তি হলো ´ROM´।

Hello BCS

63) নিচের কোনটি পূর্ণাঙ্গ ইমেইল এড্রেস ?

1) rasel.@com
✔ 2) rasel@yahoo.com
3) rasel yahoo.com
4) rasel.yahoo@com

**ব্যাখ্যা :** Electronic mail = E - mail E - mail Address লেখার নিয়ম হল : - user name @ Domain. Domain name ডট (.) চিহ্ন দ্বারা কয়েকটি অংশে বিভক্ত।

64) ৬৫৫৮ এর সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?

✔ 1) ৩
2) ২
3) -৩
4) ০

**ব্যাখ্যা :** 81*81 = 6561
প্রদত্ত সংখ্যা = 6558
তাই প্রয়োজন সর্বনিম্ন সংখ্যা = 6561 - 6558 = 3

65) ১৫ জনের কোনো কাজের অর্ধেক করতে ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক সম্পূর্ণ কাজটি শেষ করতে পারবে?

1) ২০
2) ১৫
✔ 3) ৩০
4) ৪০

**ব্যাখ্যা :** ১৫ জন ১/২ অংশ কাজ করে ২০ দিনে
১ " ১ " " " ২× ১৫× ২০ দিনে।
২০ " ১ " " " ( ২× ১৫× ২০)/২০
= ৩০ দিনে

66) শতকরা বার্ষিক কত হার সুদে কেনো মূলধন ২৫ বছরে সুদে - মূলে ৪ গুন হবে?

1) ১৫%
2) ১৬%
3) ৮%
✔ 4) ১২%

Hello BCS

**ব্যাখ্যা :** মনেকরি, আসল = ১০০ টাকা
সুদে - আসলে = ১০০ × ৪ = ৪০০ টাকা
∴ সুদ = ৪০০ - ১০০ = ৩০০ টাকা
আমরা জানি,
হার = (১০০×সুদ)/(আসল×সময়)
= (১০০×৩০০)/(১০০×২৫)
= ১২%

67) সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত একটি কোণ ৫০° হলে অপর কোণটি কত?

✔ 1) 40°
2) 50°
3) 20°
4) 30°

**ব্যাখ্যা :** ত্রিভুজের ৩ কোনের সমষ্টি ১৮০ ডিগ্রি
৯০ ডিগ্রি + ৫০ ডিগ্রি = ১৪০ ডিগ্রি।
১৮০ ডিগ্রি - ১৪০ ডিগ্রি = ৪০ ডিগ্রি।

68) যদি x+3y=40 এবং y=3x হয়, তবে y=?

1) 10
✔ 2) 12
3) 18
4) 22

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
x + 3y = 40
y = 3x
সুতরাং, x + 3y = 40
বা, x = 40 - 3y
আবার, y = 3x
বা, y = 3 (40 - 3y) [x এর মান বসিয়ে]
বা, y = 120 - 9y
বা, y + 9y = 120
বা, 10y = 120
বা, y = 12

69) ৬০ মিটার দৈর্ঘ বিশিষ্ট একটি নলকে ৩ :৭ :১০ আনুপাতে টুকরা করা হয়েছে। ছোট টুকরাটি কত মিটার ?

✔ 1) ৯
2) ১০

Hello BCS

3) ৭
4) ৮

**ব্যাখ্যা :** অনুপাতের রাশিগুলোর যোগফল = (৩ + ৭ + ১০) = ২০
∴ছোট টুকরাটি = ৬০ এর (৩/২০) = ৯ মিটার।

70) ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যা সমূহের গড় কত?

1) ২৫
✔ 2) ৫০
3) ১০০
4) ১০

**ব্যাখ্যা :** সমষ্টি = {(প্রথমপদ + শেষপদ)×পদসংখ্যা}/২
= {(১ + ৯৯)×৯৯}/২
= ৪৯৫০
সুতরাং গড় = যোগফল/মোট সংখ্যা
= ৪৯৫০/৯৯
= ৫০

71) রেল লাইনের পাশে একটি তালগাছ রয়েছে। ঘন্টায় ৪৫ কিমি. বেগে ধাবমান ১৫০ মিঃ লম্বা একটি ট্রেন কত সময়ে ঐ তালগাছটি অতিক্রম করবে?

1) ১৩ সে.
2) ১৪ সে.
3) ১১ সে.
✔ 4) ১২ সে.

**ব্যাখ্যা :** ১ ঘণ্টা = (৬০ X ৬০) = ৩৬০০ সেকেন্ড
৪৫ কি.মি. = (৪৫x১০০০) = ৪৫০০০ মিটার
৪৫০০০ মিটার যায় = ৩৬০০ সেকেন্ডে
১ মিটার যায় = (৩৬০০/৪৫০০০) সেকেন্ডে
∴১৫০ মিটার যায় = {(৩৬০০×১৫০)/৪৫০০০} সেকেন্ড
= ১২ সেকেন্ডে

72) ৬১২ টাকায় একটি ব্যাগ বিক্রয় করায় ১৫% ক্ষতি হয়। ব্যাগটি কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে ?

✔ 1) ৭৯২
2) ২০০
3) ৭০০
4) ৬০০

Hello BCS

**ব্যাখ্যা :** ১৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ - ১৫) = ৮৫ টাকা
বিক্রয়মূল্য ৮৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
বিক্রয়মূল্য ১ টাকা হলে ক্রয়মূল্য ১০০/৮৫ টাকা
বিক্রয়মূল্য ৬১২ টাকা হলে ক্রয়মূল্য (১০০*৬১২)/৮৫ টাকা
= ৭২০ টাকা
আবার,
১০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ১০) = ১১০ টাকা
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১১০ টাকা
ক্রয়মূল্য ১ টাকা হলে বিক্রয়মূল্য ১১০/১০০ টাকা
ক্রয়মূল্য ৭২০ টাকা হলে বিক্রয়মূল্য (১১০*৭২০)/১০০ টাকা
= ৭৯২টাকা
উত্তর : ৭৯২ টাকা।

73) কোন পরীক্ষায় ৫২% পরীক্ষার্থী ইংরেজিতে এবং ৪২% পরীক্ষর্থী গনিতে ফেল করল। যদি উভয় বিষয়ে ১৭% ফেল করে থাকে, তবে কতজন পরিক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে?

1) ২৫ জন
2) ২৬ জন
✔ 3) ২৩ জন
4) ২৪ জন

**ব্যাখ্যা :** শুধু ইংরেজিতে ফেল করে = ৫২ - ১৭ = ৩৫ %
শুধু গণিতে ফেল করে = ৪২ - ১৭ = ২৫ %
উভয় বিষয়ে মোট ফেল করে = ৩৫ + ২৫ + ১৭ = ৭৭%
উভয় বিষয়ে পাস করে = ১০০ - ৭৭ = ২৩ জন

74) $x^2$-3x+2 এর একটি উৎপাদক কোনটি ?

1) x-3
2) x+1
✔ 3) x-1
4) x+2

Hello BCS

ব্যাখ্যা :

প্রদত্ত রাশিটিকে উৎপাদকে বিশ্লেষণ করে পাই,

$x^2 - 3x + 2$

$= x^2 - 2x - x + 2$

$= x(x - 2) - 1(x - 2)$

$= (x - 2)(x - 1)$

অর্থাৎ, **$x^2 - 3x + 2$** রাশিটির উৎপাদক গুলি হচ্ছে, **(x - 2)** এবং **(x - 1)** .

75) ৭ এর গুনিতকের সেট কোন ধরনের সেট ?

1) সসীম
2) ফাকা
3) সার্বিক
✔ 4) অসীম

**ব্যাখ্যা :** কোন সংখ্যাকে পূর্ণসংখ্যা দ্বারা গুণ করে যে সব সংখ্যা পাওয়া যায় সেই সংখ্যাগুলোকে ঐ সংখ্যার গুণিতক বলে। যে কোনো সংখ্যার গুণিতকের সংখ্যা অসীম।

76) নিচের ভগ্নাংশগুলোর মধ্যে বৃহত্তম কোনটি ?

1) ৪/৭
2) ৫/৮
3) ৭/১১
✔ 4) ২/৩

**ব্যাখ্যা :** ২/৩ = 0.66667 ( বৃহত্তম)
৪/৭ = 0.57143
৫/৮ = 0.625
৭/১১ = 0.63636

77) সামন্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামন্তরিকটি হবে-

✔ 1) আয়তক্ষেত্র
2) রম্বস
3) ট্রাপিজিয়াম
4) বর্গক্ষেত্র

**ব্যাখ্যা :** সামন্তরিক সেই চতুর্ভুজকে নির্দেশ করে যার বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল।
সামন্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামন্তরিকটি হবে একটি আয়তক্ষেত্র ।
আয়তক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর সমান ।

Hello BCS

ট্রাপিজিয়ামের সামন্তরিক নয় ।
রম্বসের কর্ণদ্বয় পরস্পর সমান নয় ।

78) কোন ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে বিয়োগফল ৯,১২,১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

✔ 1) ১৮১
2) ২৪১
3) ৩৬১
4) ১২১

**ব্যাখ্যা :** 9 ,12 ,15 এর ল সা গু 180
180 + 1 = 181

79) ৩/৪,৪/৫,৫/৬ এর গসাগু কত ?

1) ৩০
2) ১/৩০
✔ 3) ১/৬০
4) ৬০

**ব্যাখ্যা :** ৩/৪, ৪/৫, ৫/৬
৩, ৪ ও ৫ এর গ.সা.গু = ১
৪, ৫ ও ৬ এর ল.সা.গু = ৬০
অতএব, নির্ণেয় গ.সা.গু = ১/৬০

80) ১ মিলিমিটার ১ কিলোমিটারের কত অংশ ?

1) ১/১০০০০০
2) ১/১০০০০
3) ১/১০০০
✔ 4) ১/১০০০০০০

**ব্যাখ্যা :** ১ কিলোমিটার = ১০০০ মিটার
= (১০০০ x ১০০০) মিলিমিটার
= ১০০০০০০ মিলিমিটার
∴১ মিলিমিটার = ১ কিলোমিটারের (১/১০০০০০০) অংশ

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com